

## **া** সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৯১৫

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)
পরিচ্ছেদঃ মহান আল্লাহ দুনিয়াতে মুসলিমদের অসুখ-বিসুখ ও ব্যথা-ব্যদনা দিয়ে পাপের প্রতিদান দিয়ে থাকেন, যাতে
সেগুলি তাদের পাপের মোচনকারী হয়ে যায়

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ اللَّهَ جَلَّ وَعَلَا قَدْ يُجَازِي الْمُسْلِمَ عَلَى سَيِّئَاتِهِ فِي الدُّنْيَا بِالْأَمْرَاضِ وَالْأَحْزَانِ لِتَكُونَ كَفَّارَةً لَهَا

## আরবী

2915 \_ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا أَبُو خَيْثُمَةَ قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدِ عَنْ أَبِي بَكْرٍ الصِّدِيقِ - رَضِيَ إِسْمَاعِيلَ بْنِ أَبِي بَكْرٍ الصِّدِيقِ - رَضِيَ اللَّهُ عَنْهُ -: أَنَّهُ قَالَ: يَا رَسُولَ الله كيف االصلاح بَعْدَ هَذِهِ الْآيَةِ: {مَنْ يَعْمَلْ سُوءًا يُجْزَ بِهِ } [النساء: 123] فَقَالَ: (رَحِمَكَ اللَّهُ يَا أَبَا بَكْرٍ أَلَسْتَ تَمْرَضُ أَلَسْتَ تَنْصَبُ أَلَسْتَ يَعْمَلُ اللَّهُ يَا أَبَا بَكْرٍ أَلَسْتَ تَمْرَضُ أَلَسْتَ تَنْصَبُ أَلَسْتَ اللَّهُ يَا أَبَا بَكْرٍ أَلَسْتَ تَمْرَضُ السَّيَ السَّيَ الْسَيْكِ اللواء فذاك ما تجزون به) الراوي : أَبُو بَكْرٍ الصِّدِيقِ المحدث : العلامة ناصر الدين الألباني المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1915 اخلاصة حكم المحدث: حسن - ((الروض)) (819). الصفحة أو الرقم: رَضِيَ اللَّهُ عَنْهُ -: أَبُو بَكْرِ بْنُ أَبِي زُهَيْرٍ - هَذَا -: أَبُوهُ مِنَ الصحابة.

## বাংলা

২৯১৫. আবৃ বাকর সিদ্দীক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, মহান আল্লাহ কুর'আনে বলেছেন, مَنْ يَعْمَلْ سُوءًا يُجْزُ بِهِ (যে ব্যক্তি মন্দ কাজ করবে। তাকে তার প্রতিদান দেওয়া হবে।—সূরা নিসা: ১২৩), এই আয়াতের পর কল্যাণ কিভাবে হবে, অথচ আমাদের প্রতিটি আমলের প্রতিদান দেওয়া হবে?" তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "হে আবৃ বাকর, আল্লাহ আপনার প্রতি রহম করুন। আপনি কি অসুস্থ হন না? আপনি কি দুঃখ-কষ্টে নিপতিত হন না? আপনাকে কি কোন উদ্বেগ উৎকণ্ঠা পায় না?" জবাবে তিনি বলেন, "জ্বী, হ্যাঁ।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "এসবের মাধ্যমে (মন্দ কর্মের) প্রতিদান দেওয়া হয়।"[1]



আবূ হাতিম ইবনু হিবান রহিমাহুল্লাহ বলেন, "হাদীসের রাবী আবূ বকর বিন আবী যুহাইর রহিমাহুল্লাহর বাবা একজন সাহাবী ছিলেন।"

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ১/১১; মুসনাদ আবু বাকর: ১১১; মুসনাদ আবী ইয়ালা: ৯৮; হাকিম: ৩/৭৪-৭৫; সুনান বাইহাকী: ৩/৩৭৩; তিরমিযী: ৩০৩৯; তাবারী: ১০৫৩৩।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (আর রওয: ৮১৯)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ বকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন